# হিসাববিজ্ঞান

# ভুল সংশোধনী জাবেদা

## ➢ তিনটি পদ্ধতিতে ভুল সংশোধন জাবেদা করা যায়।

(ক) রেওয়ামিল তৈরির করার পূর্বে
(খ) রেওয়ামিল তৈরির করার পর
(গ) আর্থিক অবস্থার বিবরণীর পূর্বে

### ✍ রেওয়ামিল তৈরির করার পূর্বে :

**একতরফা ভুল :** রেওয়ামিল তৈরির করার পূর্বে ভুল যদি একতরফা হয় অর্থাৎ একদিকের ভুল হয় তাহলে যে পাশে ভুল হবে সেদিকে ঠিক করলেই হবে। অর্থাৎ ডেবিট পাশে ভুল হলে ডেবিট পাশ ঠিক করতে হবে আর ক্রেডিট পাশ ভুল হলে ক্রেডিট পাশ ঠিক করতে হবে।

উদাহরণস্বরূপ : নগদে বিক্রয় ৫০০০ টাকা। কিন্তু বিক্রয় হিসাবে ৫০০ টাকা লেখা হয়েছে।

ব্যাখ্যা ও সমাধান :

প্রশ্ন অনুযায়ী আমাদের করা উচিৎ ছিল :

নগদান হিসাব-ডেবিট (৫০০০) টাকা
বিক্রয় হিসাব-ক্রেডিট (৫০০০) টাকা

কিন্তু আমরা করেছি,

নগদান হিসাব-ডেবিট (৫০০০) টাকা
বিক্রয় হিসাব-ক্রেডিট (৫০০) টাকা

এখানে স্পষ্টত বুঝা যাচ্ছে, আমরা শুধু বিক্রয় হিসাবে ৫০০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা লিপিবদ্ধ করেছি। যা একতরফা ভুল। এখন এই ভুলটি সংশোধন করার জন্য শুধু বিক্রয় হিসাবে যেহেতু কম লেখা হয়েছে সেহেতু বিক্রয় হিসাব-ক্রেডিট দিকে (৫০০০-৫০০) = ৪৫০০ টাকা লিখলেই সমাধান হয়ে যাবে।

এখন সংশোধন করার জন্য আমাদের যা করতে হবে :

বিক্রয় হিসাব - ক্রেডিট (৪৫০০) টাকা

Trial Version
Education is the backbone of a nation
THE TEACH ONLINE TUTORS

**দু'তরফা ভুল :** রেওয়ামিল তৈরির করার পূর্বে ভুল যদি দু'তরফা হয় অর্থাৎ দুই দিকের ভুল হয় তাহলে উভয় পাশ ই ঠিক করতে হবে।

উদাহরণস্বরূপ : আসবাবপত্র ক্রয় ১০০০০ টাকা। কিন্তু ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে ১০০০০।

ব্যাখ্যা ও সমাধান :

প্রশ্ন অনুযায়ী আমাদের করা উচিৎ ছিল :

আসবাবপত্র-ডেবিট (১০০০০) টাকা
নগদান হিসাব-ক্রেডিট (১০০০০) টাকা

কিন্তু আমরা করেছি,

ক্রয় হিসাব-ডেবিট (১০০০০) টাকা
নগদান হিসাব-ক্রেডিট (১০০০০) টাকা

এখানে স্পষ্টত, আসবাবপত্র ডেবিট এর স্থলে আমরা ক্রয় হিসাব ডেবিট করেছি। ক্রয় হিসাব লেখার কারণে একটি ভুল হলো আর আসবাবপত্র বাদ পড়ায় আরেকটি ভুল হলো। অতএব ভুলটি দু'তরফা ভুল।

এখন সংশোধন করার জন্য আমাদের যা করতে হবে :

আসবাবপত্র-ডেবিট (১০০০০) টাকা
ক্রয় হিসাব-ক্রেডিট (১০০০০) টাকা

Education is the backbone of a nation
ONLINE TUTORS
Trail Version

## ✍ রেওয়ামিল তৈরির করার পর :

**একতরফা ভুল :** রেওয়ামিল তৈরির করার পর ভুল যদি একতরফা হয় অর্থাৎ একদিকের ভুল হয় তাহলে যে পাশে ভুল হবে সেপাশ কে ডেবিট বা ক্রেডিট করতে হবে এবং অনিশ্চিত হিসাব কে ডেবিট বা ক্রেডিট করতে হবে ।

উদাহরণস্বরূপ : নগদে বিক্রয় ৫০০০ টাকা। কিন্তু বিক্রয় হিসাবে ৫০০ টাকা লেখা হয়েছে।

ব্যাখ্যা ও সমাধান :

প্রশ্ন অনুযায়ী আমাদের করা উচিৎ ছিল :

নগদান হিসাব-ডেবিট (৫০০০) টাকা
বিক্রয় হিসাব-ক্রেডিট (৫০০০) টাকা

কিন্তু আমরা করেছি,

নগদান হিসাব-ডেবিট (৫০০০) টাকা
বিক্রয় হিসাব-ক্রেডিট (৫০০) টাকা

এখানে স্পষ্টত বুঝা যাচ্ছে, আমরা শুধু বিক্রয় হিসাবে ৫০০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা লিপিবদ্ধ করেছি। যা একতরফা ভুল। এখন এই ভুলটি সংশোধন করার জন্য শুধু বিক্রয় হিসাবে যেহেতু কম লেখা হয়েছে সেহেতু বিক্রয় হিসাব-ক্রেডিট দিকে (৫০০০-৫০০) = ৪৫০০ টাকা লিখতে হবে আর অনিশ্চিত হিসাবকে ডেবিট করতে হবে।

এখন সংশোধন করার জন্য আমাদের যা করতে হবে :

অনিশ্চিত হিসাব-ডেবিট (৪৫০০) টাকা
বিক্রয় হিসাব - ক্রেডিট (৪৫০০) টাকা

**দু'তরফা ভুল :** রেওয়ামিল তৈরির করার পর ভুল যদি দু'তরফা হয় অর্থাৎ দুই দিকের ভুল হয় তাহলে উভয় পাশ ই ঠিক করতে হবে।
অর্থাৎ, রেওয়ামিল তৈরি করার পূর্বের দু'তরফার নিয়ম অনুরূপ করতে হবে।

উদাহরণস্বরূপ : আসবাবপত্র ক্রয় ১০০০০ টাকা। কিন্তু ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে ১০০০০।

ব্যাখ্যা ও সমাধান :

প্রশ্ন অনুযায়ী আমাদের করা উচিৎ ছিল :

আসবাবপত্র-ডেবিট (১০০০০) টাকা
নগদান হিসাব-ক্রেডিট (১০০০০) টাকা

কিন্তু আমরা করেছি,

ক্রয় হিসাব-ডেবিট (১০০০০) টাকা
নগদান হিসাব-ক্রেডিট (১০০০০) টাকা

এখানে স্পষ্টত, আসবাবপত্র ডেবিট এর স্থলে আমরা ক্রয় হিসাব ডেবিট করেছি। ক্রয় হিসাব লেখার কারণে একটি ভুল হলো আর আসবাবপত্র বাদ পড়ায় আরেকটি ভুল হলো। অতএব ভুলটি দু'তরফা ভুল।

এখন সংশোধন করার জন্য আমাদের যা করতে হবে :

আসবাবপত্র-ডেবিট (১০০০০) টাকা
ক্রয় হিসাব-ক্রেডিট (১০০০০) টাকা

Education is the backbone of a nation
THE TEACH ONLINE TUTORS
Trial Version

## ✍ আর্থিক অবস্থার বিবরণীর পূর্বে :

**একতরফা ভুল :** রেওয়ামিল তৈরির করার পর কিন্তু আর্থিক অবস্থার বিবরণীর পূর্বে যদি একতরফা ভুল হয়, আর ভুলটি যদি নামিক হিসাবে হয় ( অর্থাৎ আয় ও ব্যয় হিসাবে হয়) তাহলে ডেবিট পাশে ভুল হলে ডেবিট পাশ ঠিক করতে হবে আর ক্রেডিট পাশ ভুল হলে ক্রেডিট পাশ ঠিক করতে হবে। তবে আয়-ব্যয় হিসাবের পরিবর্তে আয় সারাংশ হিসাব ডেবিট বা ক্রেডিট করতে হবে এবং অনিশ্চিত হিসাব ডেবিট বা ক্রেডিট করতে হবে।

উদাহরণস্বরূপ : নগদে বিক্রয় ৫০০০ টাকা। কিন্তু বিক্রয় হিসাবে ৫০০ টাকা লেখা হয়েছে।

ব্যাখ্যা ও সমাধান :

প্রশ্ন অনুযায়ী আমাদের করা উচিৎ ছিল :

নগদান হিসাব-ডেবিট (৫০০০) টাকা
বিক্রয় হিসাব-ক্রেডিট (৫০০০) টাকা

কিন্তু আমরা করেছি,

নগদান হিসাব-ডেবিট (৫০০০) টাকা
বিক্রয় হিসাব-ক্রেডিট (৫০০) টাকা

এখানে স্পষ্টত বুঝা যাচ্ছে, আমরা শুধু বিক্রয় হিসাবে ৫০০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা লিপিবদ্ধ করেছি। যা একতরফা (নামিক হিসাবে) ভুল হয়েছে।। এখন এই ভুলটি সংশোধন করার জন্য শুধু বিক্রয় হিসাবে যেহেতু কম লেখা হয়েছে সেহেতু বিক্রয় হিসাব এর পরিবর্তে আয় সারাংশ হিসাব (৫০০০-৫০০) = ৪৫০০ টাকা ক্রেডিট করতে হবে এবং অনিশ্চিত হিসাবকে ডেবিট করতে হবে।

Education is the backbone of a nation
THE TEACH ONLINE TUTORS
Trail Version

এখন সংশোধন করার জন্য আমাদের যা করতে হবে :

অনিশ্চিত হিসাব-ডেবিট (৪৫০০) টাকা
আয় সারাংশ হিসাব-ক্রেডিট (৪৫০০) টাকা

**দু'তরফা ভুল :**

নামিক হিসাব :

রেওয়ামিল তৈরির করার পর কিন্তু আর্থিক অবস্থার বিবরণীর পূর্বে যদি দু'তরফা ভুল হয়, আর ভুলটি যদি নামিক (সমজাতীয়) হিসাবে হয় ( অর্থাৎ আয় ও ব্যয় হিসাবে হয়) তাহলে তার জাবেদা দেওয়ার প্রয়োজন হয় না।

উদাহরণস্বরূপ : বেতন প্রদান ১০০০ টাকা। কিন্তু ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে ১০০০।

ব্যাখ্যা ও সমাধান :

প্রশ্ন অনুযায়ী আমাদের করা উচিৎ ছিল :

বেতন হিসাব-ডেবিট (১০০০) টাকা
নগদান হিসাব-ক্রেডিট (১০০০) টাকা

কিন্তু আমরা করেছি,

ক্রয় হিসাব-ডেবিট (১০০০) টাকা
নগদান হিসাব-ক্রেডিট (১০০০) টাকা

এখানে স্পষ্টত, বেতন ডেবিট এর স্থলে আমরা ক্রয় হিসাব ডেবিট করেছি। ক্রয় হিসাব লেখার কারণে একটি ভুল হলো আর বেতন বাদ পড়ায় আরেকটি ভুল হলো। অতএব ভুলটি দু'তরফা ভুল। কিন্তু উভয় ভুল দুটি নামিক হিসাবে হয়েছে। অর্থাৎ বেতন (ব্যয় হিসাব) এবং ক্রয়-ব্যয় হিসাব, যা সমজাতীয় ভুল। রেওয়ামিল তৈরির করার পর কিন্তু আর্থিক অবস্থার বিবরণীর পূর্বে সমজাতীয় ভুল হলে, জাবেদা দাখিলার প্রয়োজন হয় ।

এখন সংশোধন করার জন্য আমাদের যা করতে হবে :

জাবেদা দাখিলার প্রয়োজন নেই।

সম্পদ হিসাব :

রেওয়ামিল তৈরির করার পর কিন্তু আর্থিক অবস্থার বিবরণীর পূর্বে যদি দু'তরফা ভুল হয়, আর ভুলটি যদি সম্পদ হিসাবে হয় তাহলে, যেমন :

উদাহরণস্বরূপ : আসবাবপত্র ক্রয় ১০০০০ টাকা। কিন্তু ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে ১০০০০।

ব্যাখ্যা ও সমাধান :

প্রশ্ন অনুযায়ী আমাদের করা উচিৎ ছিল :

আসবাবপত্র হিসাব-ডেবিট (১০০০০) টাকা
নগদান হিসাব-ক্রেডিট (১০০০) টাকা

কিন্তু আমরা করেছি,

ক্রয় হিসাব-ডেবিট (১০০০০) টাকা
নগদান হিসাব-ক্রেডিট (১০০০০) টাকা

এখানে স্পষ্টত, আসবাবপত্র ডেবিট এর স্থলে আমরা ক্রয় হিসাব ডেবিট করেছি। ক্রয় হিসাব লেখার কারণে একটি ভুল হলো আর বেতন বাদ পড়ায় আরেকটি ভুল হলো। অতএব ভুলটি দু'তরফা ভুল।

এখন সংশোধন করার জন্য আমাদের যা করতে হবে :

আসবাবপত্র হিসাব-ডেবিট (১০০০০) টাকা
আয় সারাংশ  হিসাব-ক্রেডিট (১০০০০) টাকা

Trail Version
Education is the backbone of a nation
THE ONLINE TUTORS

## ❖ গুরুত্বপূর্ণ নোট :

১. আর্থিক অবস্থার বিবরণীর পূর্বে ভুল সংশোধন করার জন্য নামিক (আয়-ব্যয়) হিসাবের পরিবর্তে আয় সারাংশ হিসাব লিখতে হয়।

২. রেওয়ামিল তৈরির করার পূর্বে, রেওয়ামিল তৈরির করার পর, আর্থিক অবস্থার বিবরণীর পূর্বে এই তিনটির কোনো টা যদি প্রশ্নপত্রে উল্লেখ না থাকে, তবে রেওয়ামিল তৈরির করার পর নিয়ম অনুযায়ী ভুল সংশোধনী জাবেদা দিতে হবে।

৩. কোনো ভুল সংশোধন করার জন্য আপনাকে মনে মনে তিনটি প্রশ্ন করতে হবে ।

ক. আমাকে কি করতে হবে ?
খ. আমি কি করেছি ?
গ. আমাকে এখন কি করতে হবে ?

Education is the backbone of a nation
THE TEACH ONLINE TUTORS
Trail Version

--------সমাপ্ত-------